গাংনীতে রাষ্ট্রীয় মর্যাদায় বীর মুক্তিযোদ্ধা নজরুল ইসলামের দাফন

মেহেরপুরের গাংনী উপজেলার দেবীপুর গ্রামের বীর মুক্তিযোদ্ধা মো. নজরুল ইসলাম (৮০) ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

বুধবার সকাল ১১টার দিকে নিজ বাড়িতে তিনি ইন্তেকাল করেন। তিনি মেহেরপুর পৌরসভার মণ্ডলপাড়ার মৃত মো. আব্দুল জলিল বিশ্বাসের ছেলে। প্রায় ৫০ বছর ধরে তিনি গাংনী উপজেলার দেবীপুর গ্রামে বসবাস করছিলেন।

দীর্ঘদিন ধরে তিনি বিভিন্ন রোগে ভুগছিলেন। মৃত্যুকালে তিনি স্ত্রী, দুই ছেলে ও অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। বুধবার বিকেল ৫টার দিকে দেবীপুর বাজার ঈদগাহ মাঠে রাষ্ট্রীয় মর্যাদায় গার্ড অব অনার প্রদান শেষে তাঁর জানাজা অনুষ্ঠিত হয়। জানাজা শেষে দেবীপুর ভিটাপাড়া কবরস্থানে তাঁকে দাফন করা হয়।

এর আগে দেবীপুর বাজার ঈদগাহ প্রাঙ্গণে গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. মাসুদুর রহমান বীর মুক্তিযোদ্ধা নজরুল ইসলামের মরদেহ জাতীয় পতাকায় আচ্ছাদিত করেন এবং পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা জানান। পরে বীর মুক্তিযোদ্ধারাও পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মুহাদ্দিদ মোর্শেদ চৌধুরীর নেতৃত্বে পুলিশের একটি চৌকস দল তাঁকে রাষ্ট্রীয় মর্যাদায় গার্ড অব অনার প্রদান করে। এ সময় এক মিনিট নীরবতা পালন করা হয়।

অনুষ্ঠানে গাংনী উপজেলা মুক্তিযোদ্ধা সংসদের সাবেক কমান্ডার বীর মুক্তিযোদ্ধা মুন্তাজ আলীসহ স্থানীয় বীর মুক্তিযোদ্ধা ও বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ উপস্থিত ছিলেন।

[redacted]

[redacted]